গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
নগর উন্নয়ন অধিদপ্তর
প্রশাসন শাখা

আগামী ১৮ অক্টোবর ২০২১ তারিখ “শেখ রাসেল দিবস” উদযাপন এর লক্ষ্যে অনুষ্ঠিত সভার কাযবিবরনী।

---

| | |
|---|---|
| সভাপতি | ড. খুরশীদ জাবিন হোসেন তৌফিক<br>পরিচালক (চলতি দায়িত্ব) |
| সভার তারিখ | ১৪-১০-২০২১ইং। |
| সভার সময় | ১০-৩০ মি: |
| স্থান | নগর উন্নয়ন অধিদপ্তরের সম্মেলন কক্ষ। |
| উপস্থিতি | সংযুক্তি |

নিম্নস্বাক্ষরকারী সকলকে ধন্যবাদ জানিয়ে অদ্যকার সভা শুরু করেন। সভাপতি অত্র দপ্তরের উপ-পরিচালক(গবেষনা ও সমন্বয়) অতিরিক্ত দায়িত্ব জনাব আহমেদ আখতারুজ্জামানকে সভা পরিচালনার জন্য নিদেশ প্রদান করেন। আলোচনায় তিনি বলেন গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রনালয়ের সচিব মহোদয়ের গত ১২-১০-২০২১ তারিখে সভার কাযবিবরনীতে আগামী ১৮ অক্টোবর, ২০২১ তারিখ জাতীয় ভাবে দেশব্যাপী বর্ণাঢ্য আয়োজনে শেখ রাসেল দীপ্ত জয়োল্লাস, অদম্য আত্নবিশ্বাস প্রতিপাদ্যে ১ম বার “ শেখ রাসেল দিবস , ২০২১ “ উদযাপন করা হবে। “ শেখ রাসেল দিবস” উদযাপনের লক্ষ্যে প্রধানমন্ত্রী কাযালয় হতে অনুমোদনকৃত শেখ রাসেল এর ছবি সাইজ (দৈঘ্য ০৪ ফট x প্রস্থ ০৩ ফুট) অনুযাযী তৈরীকৃত প্রতিকৃতিতে আগামী ১৮-১০-২০২১ তারিখে সকাল ৭-০০ ঘটিকায় পুষ্প অর্পণ করতে হবে। শেখ রাসেলের ৫৭তম শুভ জন্মদিন উপলক্ষ্যেএকটি কেক কেটে আলোচনা সভার কাযক্রম শুর করতে হবে। ঢাকাস্থ প্রধান কাযালয়ের কর্মকতাগন দুপুর ২-০০ ঘটিকায় ওসমানী স্মৃতি মিলনায়তনে সরাসরি উপস্থিত থাকতে হবে এবংআঞ্চলিক অফিস সমুহ ১৮-১০-২০২১ তারিখে সুবিধাজনক সময়ে কর্মসূচী বাস্তবায়ন করবে। শেখ রাসেল দিবসে বিভিন্ন ধরনের ব্যানার, ফেস্টুন এর মাধ্যমে সাজ সজ্জাকরণে উদ্যোগ গ্রহন করতে হবে। শেখ রাসেল জন্ম দিন উপলক্ষ্যে দপ্তর সমূহ নিজস্ব কর্মপরিকল্পনা নিধারণ এবং বাস্তবায়ন করে মন্ত্রনালয়ে প্রেতিবেদন প্রেরন করতে হবে।

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রনালয়ের সভার কাযবিবরনীর ক্রমিক-ছ আগামী ১৮ অক্টোবর, ২০২১ তারিখ জাতীয় ভাবে দেশব্যাপী বর্ণাঢ্য আয়োজনে শেখ রাসেল দীপ্ত জয়োল্লাস, অদম্য আত্নবিশ্বাস প্রতিপাদ্যে ১ম বার “ শেখ রাসেল দিবস , ২০২১ “ উদযাপননে একটি কমিটি গঠন করা হয়েছে।উক্ত কমিটির ক্রমিক ৮ তে নগরউন্নয়ন অধিদপ্তরেরেএকজন সদস্য অন্তভুক্ত করাআছে। তাই অত্র দপ্তরের প্ল্যানার, জনাব মো: সাইফুর রহমানকে কমিটির সদস্য হিসাবে মন্ত্রনালয়ে পত্রে র মাধ্যমে জানাইয়া দেওয়ার জন্য নিদেশনা প্রদান করেন।

সভাপতি আরো জানান যে, ”শেখ রাসেল দিবস” উদযাপনের নিমিত্তে অত্র দপ্তর হইতে উপ-পরিচালক(গবেষনা ও সম্বয়) এর তত্ত্বাবধানে নগর উন্নয়ন অধিদপ্তরের কর্মকতাগনের সমন্বয়ে নিম্নবর্ণিত কমিটি গঠন করার জন্য নিদেশ প্রদান করেন।

| | | |
|---|---|---|
| ১। | জনাব আহমেদ আখতারুজ্জামান | উপ-পরিচালক(গবেষনা ও সমন্বয়), অতিরিক্ত দায়িত্ব, নগর উন্নয়ন অধিদপ্তর, ঢাকা। |
| ২। | জনাব ইয়ারুন্নেসা খানম | সহকারী প্ল্যানার, নগর উন্নয়ন অধিদপ্তর, ঢাকা। |
| ৩। | জনাব ইসরাত জাহান | রির্সাচ অফিসার (সংযুক্তি), নগর উন্নযন অধিদপ্তর, ঢাকা। |
| ৪। | জনাব খবির উদ্দিন আহমেদ | হিসাব রক্ষন কর্মকর্তা(অতিরিক্ত দায়িত্ব), নগর উন্নয়ন অধিদপ্তর, ঢাকা। |
| ৫। | জনাব মো: সাইফুর রহমান | প্ল্যানার(সংযুক্তি), নগর উন্নযণ অধিদপ্তর, ঢাকা। |

| | | |
|---|---|---|
| ৬। | জনাব মোহাম্মদ বোরহান উদ্দিন | পরিকল্পনা সহকারী, নগর উন্নয়ন অধিদপ্তর, ঢাকা। |
| ৭। | জনাব মোক্তার আলম | প্রশাসনিক কর্মকর্তা, নগর উন্নয়ন অধিদপ্তর, ঢাকা। |
| ৮। | জনাব মো: সফিকুল ইসলাম | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, নগর উন্নয়ন অধিদপ্তর, ঢাকা। |

সিদ্ধান্ত :

১।আগামী ১৮-১০-২০২১ইং তারিখে সকাল ৬-৩০মি: অত্র দপ্তরে সকল কর্মকর্তা ও কর্মচারীগণ  উপস্থিত থাকার অফিস আদেশ জারী করতে হবে।

২। আঞ্চলিক অফিস সমুহ আগামী ১৮-১০-২০২১ তারিখ সুবিধাজনক সময়ে কাযবিবরনী অনুযাযী ব্যবস্থা নিবেন এবং বাস্তবায়নের প্রতিবেদন অত্র দপ্তরে প্রেরন করবেন।

আর কোন  আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

ড. খুরশীদ জাবিন হোসেন তৌফিক
পরিচালক (চলতি দায়িত্ব)

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.২৩.০০১.১৭.৯০৫

তারিখ: ২৯ আশ্বিন ১৪২৮
১৪ অক্টোবর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) উপসচিব, প্রশাসন শাখা-৩, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

২) সিনিয়র কর্মকর্তাবৃন্দ, নগর উন্নয়ন অধিদপ্তর, ঢাকা

৩) প্রধান কার্যালয়ের কর্মকর্তাবৃন্দ

৪) সিনিয়র প্ল্যানারবৃন্দ আঞ্চলিক অফিস, নগর উন্নয়ন অধিদপ্তর

মোঃ সাইফুর রহমান
প্ল্যানার ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা